



# GARHBETA COLLEGE

(Affiliated to Vidyasagar University)

Accredited by NAAC

Website : www.garhbetacollege.ac.in

E-mail : garhbetacollege48@gmail.com

Phone No. - (03227) 265143/267154


☆ At - GARHBETA ☆ P.O.: GARHBETA ☆ DIST.: PASCHIM MEDINIPUR ☆ STATE.; WEST BENGAL ☆ PIN- 721127

## বিজ্ঞপ্তি

তারিখঃ ১২/০২/২০২৫

এতদ্বারা গড়বেতা কলেজের ছাত্র-ছাত্রীদের জানানো যাচ্ছে যে, আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে আগামী ২১ শে ফেব্রুয়ারী, ২০২৫ তারিখে সকাল ১১.০০ টার সময় একটি অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। অনুষ্ঠানটির আয়োজক বাংলা বিভাগ, সহযোগিতায় এনএসএস ইউনিট গড়বেতা কলেজ। উক্ত অনুষ্ঠানে ছাত্র-ছাত্রীদের জন্য নানা বিষয়ে প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। ছাত্র-ছাত্রীদের কাছ থেকে “বাংলাদেশের বাংলা ভাষা এবং ভারতের বাংলা ভাষাঃ পার্থক্য কীভাবে বাড়ছে” শীর্ষক বিষয়ে ১৫০০ শব্দের মধ্যে প্রবন্ধ আহ্বান করা হচ্ছে। প্রবন্ধটি ১৮/০২/২০২৫ তারিখের মধ্যে বাংলা বিভাগে জমা দেওয়ার জন্য নির্দেশ দেওয়া হচ্ছে। ঐদিন একটি বিতর্ক সভার আয়োজন করা হচ্ছে। বিতর্কের বিষয় “কথ্যভাষার বিপন্নতা আসলে গোটা সংস্কৃতিকেই বিপন্ন করে তুলছে”। এছাড়া তাৎক্ষণিক বক্তৃতা, আবৃত্তি ও ‘মাতৃভাষা এবং আমি’ পোস্টার প্রেজেন্টেশন প্রতিযোগিতার আয়োজনও করা হয়েছে। আগ্রহী ছাত্র-ছাত্রীদের ১৯/০২/২০২৫ তারিখের মধ্যে বাংলা বিভাগে নাম নথিভুক্ত করার জন্য বলা হচ্ছে এবং বিষয় সম্পর্কে কোন জিজ্ঞাসা থাকলে বাংলা বিভাগের অধ্যাপক চন্দন নাগ মহাশয়ের সঙ্গে যোগাযোগ করতে বলা হচ্ছে। উল্লেখ্য যে প্রতিটি বিষয়ে প্রথম দ্বিতীয় ও তৃতীয় স্থানাধিকারীকে পুরস্কৃত করা হবে।

আদেশানুসারে

  
Principal  
Garhbeta College  
Garhbeta, Paschim Medinipur

অধ্যক্ষ

গড়বেতা কলেজ

